পাতা-১

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

স্টাফ কাউন্সিল রেজুলেশন

রেজুলেশন নং ২১ (ভার্চুয়াল) | তারিখ: ১৮-১০-২০২১ | সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | শুভেচ্ছা বিনিময় ও সভা আহবানের যৌক্তকতা | সভার শুরুতে সভাপতি সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। অত:পর সভাপতি অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম এর অনুরোধক্রমে অদ্যকার সভা আয়োজনের প্রেক্ষাপট বিস্তারিতভাবে তুলে ধরেন শিক্ষক পরিষদের যুগ্ম-সম্পাদক জনাব বিধান চন্দ্র রায়। | সকল সদস্য অদ্যকার সভা আয়োজনের প্রেক্ষাপট বিস্তারিতভাবে শ্রবণ করে সন্তোষ প্রকাশ করেন। |
| ০১ | ২১ অক্টোবর ২০২১ খ্রি. তারিখে কলেজ রি-ওপেনিং সংক্রান্ত | সভাপতি মহোদয় ১ নং এজেন্ডার উপর আলোচনার সূত্রপাত করে বলেন, কলেজ খোলার জন্য আমরা সবরকম প্রস্তুতি নিয়ে রেখেছি। তিনি পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমের উপর কমিটির আহবায়ক জনাব এস. এম. মোহাম্মদ উল্লাহ-কে রিপোর্ট পেশ করতে অনুরোধ করতে বলেন। জনাব এস. এম. মোহাম্মদ উল্লাহ এ বিষয়ে একটি সামগ্রিক তথ্যচিত্র দিয়ে সবিস্তারে গৃহীত পদক্ষেপসমূহ তুলে ধরেন।<br><br>সভায় শিক্ষক পরিষদের যুগ্ম-সম্পাদক জনাব বিধান চন্দ্র রায় কলেজ খোলার তারিখ থেকে হোস্টেল খুলে দেয়ার প্রস্তাব করেন যাতে বিএড, এমএড এবং বিএড অনার্স ১ম বর্ষের ভর্তিকৃত শিক্ষার্থীগণ হোস্টেল থেকে ক্লাসে যোগদান করতে পারে। | সিদ্ধান্ত-০১। (ক) জাতীয় বিশ্ববিদ্যালয় প্রকাশিত চিঠি মোতাবেক ২১ অক্টোবর ২০২১ খ্রি. থেকে কলেজ রি-ওপেনিং করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ২১ অক্টোবর ২০২১ খ্রি. থেকে হোস্টেল খুলে দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২ | কলেজ খোলার ১ম দিনে শিক্ষকগণের উপস্থিতি সংক্রান্ত | ২ নং এজেন্ডার উপর আলোচনায় অংশ নিয়ে শিক্ষক পরিষদের সম্পাদক জনাব রহিমা খাতুন কলেজ খোলার ১ম দিনে শিক্ষকগণের উপস্থিতির ক্ষেত্র গুরুত্বারোপ করেন। তিনি ঐ দিন শিক্ষক পরিষদের একটি মিটিং আহবান করার প্রস্তাব রাখেন। | সিদ্ধান্ত-০২। ২১ অক্টোবর ২০২১ খ্রি. তারিখ দুপুর ১২.০০ টায় শিক্ষক পরিষদের মিটিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | ২১ অক্টোবর ২০২১ খ্রি. তারিখে বিএড ১ম বর্ষ ১ম সেমিস্টারের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম সংক্রান্ত | ৩ নং এজেন্ডার উপর আলোচনায় অংশ নিয়ে বিএড ১ম বর্ষ অনার্স ভর্তি কমিটির আহবায়ক জনাব মো: সাহেদুল আলম ভর্তিকৃত শিক্ষার্থীদের বরণ করে নেয়ার প্রস্তাব করেন এবং ওরিয়েন্টেশন প্রোগ্রামের সার্বিক প্রস্তুতি সম্পর্কে সভাকে অবহিত করেন। | সিদ্ধান্ত-০৩। ২১ অক্টোবর ২০২১ খ্রি. তারিখ বিকাল ৩.০০ টায় বিএড অনার্স ১ম বর্ষ ১ম সেমিস্টারের ওরিয়েন্টেশন প্রোগ্রাম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

১৮/১০/২০২১

প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ (আইডি নং-৮১২৫)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

শিক্ষক পরিষদের কর্মকর্তাদের স্বাক্ষর ও তারিখ:

১। ১৮/১০/২০২১
রহিমা খাতুন
সম্পাদক
শিক্ষক পরিষদ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

২। ১৮/১০/২০২১
বিধান চন্দ্র রায়
যুগ্ম-সম্পাদক
শিক্ষক পরিষদ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

১৮/১০

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

স্টাফ কাউন্সিল রেজুলেশন



রেজুলেশন নং ২১ (ভার্চুয়াল) তারিখ: ১৮-১০-২০২১ সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৪ | বিবিধ | বিবিধ আলোচনায় অংশ নিয়ে সহকারী অধ্যাপক জনাব রেহানা পারভীন সংশ্লিষ্ট বিষয় শিক্ষকগণকে বিএড ও এমএড ২য় সেমিস্টারের অ্যাসাইনমেন্ট প্রদান করার আহবান জানান।<br><br>জনাব মোহাম্মদ মহিবুল্লাহ ফেচ টু ফেচ ক্লাস রুটিনের পাশাপাশি অনলাইন ক্লাস রাখার প্রস্তাব করেন। এছাড়াও তিনি গত বছর করোনা অতিমারির সময় কলেজ হোস্টেলে স্থাপিত কোয়ারেন্টিন সেন্টারে ঝুঁকিপূর্ণ দায়িত্বপালন করায় কলেজের শিক্ষক জনাব বিধান চন্দ্র রায় ও জনাব মো: সাহেদুল আলম-কে কলেজের পক্ষ থেকে ক্রেস্ট প্রদানের আহবান জানান।<br>জনাব মো: সওগাতুল আলম ২১ অক্টোবর দুপুরে কলেজ কর্তৃপক্ষের তরফ থেকে শিক্ষকদের হালকা লাঞ্চ সাপ্লাই দেয়ার অনুরোধ করেন।<br><br>জনাব মো: আশরাফুল আলম অন্যান্য কর্মস্থল থেকে বদলীকৃত শিক্ষকগণকে পরবর্তী শিক্ষক পরিষদ সভায় বরণ করে নেয়ার প্রস্তাব করেন।<br><br>জনাব মো: সাইফুর রহমান কলেজ পুকুরে বহিরাগতদের গোসল ও ব্যবহার বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানান।<br><br>সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন। | সিদ্ধান্ত-০৪। (ক) ২১ অক্টোবর ২০২১ খ্রি. তারিখ দুপুরে শিক্ষকদের জন্য ডিমের ভুনা খিচুড়ি পরিবেশনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) কোয়ারেন্টিন সেন্টারে ঝুঁকিপূর্ণ দায়িত্বপালন করায় কলেজের শিক্ষক জনাব বিধান চন্দ্র রায় ও জনাব মো: সাহেদুল আলম-কে কলেজের পক্ষ থেকে সম্মাননা ক্রেস্ট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) ২১ অক্টোবর ২০২১ খ্রি. তারিখ শিক্ষক পরিষদের সভায় জনাব মো: সুজাউদ্দোলাহ, জনাব বিজন কুমার হালদার ও জনাব মো: হাফিজুল ইসলাম-কে ফুলেল শুভেচ্ছা জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) কলেজ পুকুরে বহিরাগতদের গোসল ও ব্যবহার বন্ধে নিষেধাজ্ঞা জারির সতর্কীকরণ বিজ্ঞপ্তি সম্পর্কিত বিলবোর্ড স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:


১৮/১০/২০২১

প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ (আইডি নং-৮১২৭)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

শিক্ষক পরিষদের কর্মকর্তাদের স্বাক্ষর ও তারিখ:

১। ১৮/১০/২০২১
রহিমা খাতুন
সম্পাদক
শিক্ষক পরিষদ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

২। ১৮/১০/২০২১
বিধান চন্দ্র রায়
যুগ্ম-সম্পাদক
শিক্ষক পরিষদ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।




প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ (আইডি নং-...)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

রহিমা খাতুন
সম্পাদক
শিক্ষক পরিষদ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

বিধান চন্দ্র রায়
যুগ্ম-সম্পাদক
শিক্ষক পরিষদ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

পাতা-১

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

স্টাফ কাউন্সিল রেজুলেশন

রেজুলেশন নং ২২ তারিখ: ২১-১০-২০২১ সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | শুভেচ্ছা বিনিময় ও সভা আহবানের যৌক্তিকতা | সভার শুরুতে সভাপতি সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। অত:পর সভাপতি অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম এর অনুরোধক্রমে অদ্যকার সভা আয়োজনের প্রেক্ষাপট বিস্তারিতভাবে তুলে ধরেন শিক্ষক পরিষদের যুগ্ম-সম্পাদক জনাব বিধান চন্দ্র রায়। | সকল সদস্য অদ্যকার সভা আয়োজনের প্রেক্ষাপট বিস্তারিতভাবে শ্রবণ করে সন্তোষ প্রকাশ করেন। |
| ০১ | বিভিন্ন কলেজ থেকে বদলীজনিত পদায়নকৃত শিক্ষকদের ফুলেল শুভেচ্ছা | সভাপতি মহোদয় সভায় সূচনা বক্তব্য রাখেন। তিনি তাঁর অসুস্থতার কথা তুলে ধরেন এবং সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামন করেন।<br><br>এরপর শিক্ষক পরিষদের সম্পাদক জনাব রহিমা খাতুন বিভিন্ন কলেজ থেকে অত্র কলেজে পদায়নকৃত শিক্ষকদের একে একে ফুল দিয়ে বরণ করে নেয়ার ঘোষণা দেন। শিক্ষক পরিষদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয় জনাব মো: সুজাউদ্দোলাহ, জনাব বিজন কুমা হালদার এবং জনাব মো: হাফিজুল ইসলাম-কে। অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম আগত শিক্ষকগণকে স্বাগত জানান | |
| ০২ | কলেজ ওয়েবসাইট হালনাগাদ কার্যক্রম অবহিতকরণ | ২ নং এজেন্ডার উপর আলোচনায় অংশ নিয়ে অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম ধাপে ধাপে কলেজ ওয়েবসাইট হালনাগাদকরণ কার্যক্রম ব্রিফ করেন। তিনি সকল সহকর্মীকে কলেজ ওয়েবসাইট নিয়মিত ভিজিট করার অনুরোধ করেন। | সিদ্ধান্ত-০১। শিক্ষকগণ কলেজ ওয়েবসাইট নিয়মিত ভিজিট করবেন মর্মে সম্মত হন। |
| ০৩ | ইনভেনটরি লিস্ট তৈরিকরণ সংক্রান্ত | ৩ নং এজেন্ডার উপর আলোচনায় অংশ নিয়ে অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম ইনভেনটরি লিস্ট তৈরিকরণের উপর জোর দেন। এ বিষয়ে তিনি অফিস আদেশ জারী করবেন বলে সভাকে অবহিত করেন। | সিদ্ধান্ত-০২। আগামী ০৭ (সাত) দিনের মধ্যে ইনভেনটরি লিস্ট হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

(স্বাক্ষর) ২১/১০/২০২১
প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ (আইডি নং-৮২২৭)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

শিক্ষক পরিষদের কর্মকর্তাদের স্বাক্ষর ও তারিখ:

১। (স্বাক্ষর) ২১/১০/২০২১
রহিমা খাতুন
সম্পাদক
শিক্ষক পরিষদ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

২। (স্বাক্ষর) ২১/১০/২০২১
বিধান চন্দ্র রায়
যুগ্ম-সম্পাদক
শিক্ষক পরিষদ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

২৫/১০

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

স্টাফ কাউন্সিল রেজুলেশন

রেজুলেশন নং ২২ তারিখ: ২১-১০-২০২১ সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৪ | ল্যাঙ্গুয়েজ ল্যাব উন্নয়ন সংক্রান্ত | সভায় ল্যাঙ্গুয়েজ ল্যাব উন্নয়ন কার্যক্রম সম্পর্কে ব্রিফ করেন জনাব মোহাম্মদ মহিবুল্লাহ। তিনি এ ব্যাপারে সকল শিক্ষকের সহযোগিতা কামনা করেন। | সিদ্ধান্ত-৩। ল্যাঙ্গুয়েজ ল্যাবে যেসব কার্যক্রম অনুশঠিত হবে তার একটি সিডিউল তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৫ | চলমান উন্নয়ন কার্যক্রম অবহিতকরণ | সভায় চলমান উন্নয়ন কার্যক্রম সম্পর্কে ব্রিফ করেন জনাব বিধান চন্দ্র রায়। তিনি সভাকে জানান যে, অচিরেই কলেজের পূর্বপার্শ্বের অভ্যন্তরীণ রাস্তা উঁচুকরণের কাজ শুরু হবে। | সিদ্ধান্ত-০৪। কলেজের সকল উন্নয়ন কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৬ | শিক্ষক পরিষদ পুনর্গঠন সংক্রান্ত | ৬ নং এজেন্ডার উপর আলোচনায় অংশ নিয়ে উপাধ্যক্ষ মহোদয় বলেন যে, শিক্ষক পরিষদের মেয়াদ উত্তীর্ণ হয়েছে এমতাবস্থায় শিক্ষক পরিষদ পুনর্গঠন করা প্রয়জন বলে তিনি অভিমত প্রকাশ করেন।<br><br>সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন। | সিদ্ধান্ত-০৫। শিক্ষক পরিষদের আগামী সভায় শিক্ষক পরিষদ পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

২১/১০/২০২১
প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ (আইডি নং-৮২২৫)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

শিক্ষক পরিষদের কর্মকর্তাদের স্বাক্ষর ও তারিখ:

১। ২১/১০/২০২১
রহিমা খাতুন
সম্পাদক
শিক্ষক পরিষদ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

২। ২১/১০/২০২১
বিধান চন্দ্র রায়
যুগ্ম-সম্পাদক
শিক্ষক পরিষদ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

স্টাফ কাউন্সিল মিটিং তাং - ২১/১০/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা
**Web: ttc.khulna.gov.bd, E-mail: ttckhul@yahoo.com**

## শিক্ষক পরিষদের সদস্যবৃন্দের নামের তালিকা

উপস্থিতির স্বাক্ষর

- অধ্যক্ষ ঃ প্রফেসর ড.শেখ মোঃ রেজাউল করিম (৮২২৫)
  ফোন : ০৪১-৭৭৪৫৫১ (অফিস), মোবাইল ঃ ০১৭১৬৭৩১০৪৭
- উপাধ্যক্ষ ঃ

| | নাম ও আইডি নং | পদবী | মূল বিষয় | মোবাইল ফোন | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ ইমদাদুল হক,৬২৮৫ | সহযোগী অধ্যাপক | দর্শন | ০১৭১১৪৮২৪৫০ | ২১/১০/২১ |
| ২. | জনাব মোঃ সাইফুর রহমান,৬৭৫৩ | সহযোগী অধ্যাপক | দর্শন | ০১৭১২০০১৪৬০ | ২১/১০/২১ |
| ৩. | জনাব টিটভ বিশ্বাস- ৮৬৩৩ | সহযোগী অধ্যাপক | ভূগোল | ০১৭১২১৬৫৮৮০ | |
| ৪. | জনাব রহিমা খাতুন, ৮৬৩০ | সহযোগী অধ্যাপক | গণিত | ০১৯১৭৬৬৭৬৬২ | |
| ৫. | জনাব মোহাম্মদ আব্দুর রাজ্জাক, ৮৬৭১ | সহযোগী অধ্যাপক | ইংরেজি | ০১৭৪৩১৬৮৫০৮ | |
| ৬. | জনাব মো: সুজাউদ্দোলাহ-১০৭৬২ | সহযোগী অধ্যাপক | ইসলামিক আইডোলজি | ০১৭১৮৪৫০২৫৫ | |
| ৭. | জনাব বিজন কুমার হালদার, | সহযোগী অধ্যাপক | ইতিহাস | ০১৭১২৬১১৭১৯ | |
| ৮. | জনাব বিপ্লব রহমান, ০১০৭৩০ | সহযোগী অধ্যাপক | শিক্ষা | ০১৭১১০০৬৩৮৫ | |
| ৯. | জনাব এস.এম. মোহাম্মদ উল্লাহ,০১২৬৫৮ | সহযোগী অধ্যাপক | ইতিহাস | ০১৭১৬২৫৭৮০৫ | ২১/১০/২০২১ |
| ১০. | জনাব তুষার কান্তি মন্ডল-০১৭১৮০ | সহযোগী অধ্যাপক | উদ্ভিদ বিদ্যা | ০১৭১২৯৮৪০২৭ | |
| ১১. | জনাব রেহানা পারভীন-০১৪৫৯২ | সহকারী অধ্যাপক | অর্থনীতি | ০১৮১৬৩৬৫৯৯৯ | |
| ১২. | জনাব অজয় কুমার সাহা-১৩৩৯১ | সহকারী অধ্যাপক | সংস্কৃত | ০১৭৩৫৩৪৬৭৯৮ | ২১/১০/২১ |
| ১৩. | জনাব মোঃ হাফিজুর রহমান খান-১৪৬৫১ | সহকারী অধ্যাপক | অর্থনীতি | ০১৭১২৬১০৬৩৯ | Rahman |
| ১৪. | জনাব এম, মিজানুর রহমান-০১৪০৩৯ | সহকারী অধ্যাপক | আরবী ও ই.শিক্ষা | ০১৯১১০৮৬৯৭০ | |
| ১৫. | জনাব মোঃ আশরাফুল আলম,২২৩৩০ | সহকারী অধ্যাপক | রাষ্ট্রবিজ্ঞান | ০১৯১৪২৬৪৩২৯ | |
| ১৬. | জনাব মোঃ সাহেদুল আলম, ০২২১৫৮ | সহকারী অধ্যাপক | ইসলামি আদর্শ | ০১৭১৩৯১৪৬৩৬ | |
| ১৭. | জনাব পঙ্কজ মন্ডল-০২২৩৩১ | সহকারী অধ্যাপক | গণিত | ০১৭৫৪৬৭৬০২৫ | |
| ১৮. | জনাব মোহাম্মদ মহিববুল্লাহ-২৭১১৫ | প্রভাষক | বাংলা | ০১৯১১২২২২৬৬ | |
| ১৯. | জনাব মোঃ সাজ্জাদ হোসেন খান-২৭১১৭ | প্রভাষক | শিক্ষা | ০১৭৮৪৩৮৭৪১৯ | |
| ২০. | জনাব মোঃ আবু রায়হান-২৬২৭৪ | প্রভাষক | বিজ্ঞান | ০১৭৮৭৮৩৭৮৩৮ | |
| ২১. | জনাব মো: হাফিজুল ইসলাম-১৭১৩৫১৪২০২০ | প্রভাষক | রাষ্ট্রবিজ্ঞান | ০১৭৪১২৩৮২৫৯ | |
| ২২. | জনাব সৌরভ অধিকারী | প্রভাষক | শিক্ষা | ০১৭৮৩৯২১৭২৪ | |
| ২৩. | জনাব শবনম মনোয়ারা খানম | প্রভাষক | বাংলা | ০১৭১৬৮৯৬৯২৬ | |
| ২৪. | জনাব সুবর্না রানী মন্ডল | প্রভাষক | বাংলা | ০১৫৫৬৩২৭৬২৭ | |
| ২৫. | জনাব মোস্তফা আলমগীর সিদ্দিক | প্রভাষক | ভূগোল | ০১৭২৫০৪২৪৫৮ | |
| ২৬. | জনাব মৃনাল কান্তি সাধু | প্রভাষক | প্রাণিবিদ্যা | ০১৭৬২৪৯২৪৬০ | |
| ২৭. | জনাব মোসাঃ মোসলেমা খাতুন | প্রভাষক | গণিত | ০১৮১৬৪৫৪৫৪৭ | |
| ২৮. | জনাব বিধান চন্দ্র রায় | প্রভাষক | শিক্ষা | ০১৭১১২৩০০১৬ | |
| ২৯. | জনাব মোঃ সওগাতুল আলম | প্রভাষক | রসায়ন বিজ্ঞান | ০১৭১১৯০২৯৩৪ | ২১/১০/২১ |
| ৩০. | জনাব মোছাঃ মাজেদা খাতুন | প্রভাষক | হিসাববিজ্ঞান | ০১৭১২৬২২০৪৭ | ২১/১০/২১ |
| ৩১. | জনাব দিলিপ কুমার বিশ্বাস | প্রভাষক | সমাজবিজ্ঞান | ০১৭১৮৭৭৬৬১১ | |
| ৩২. | জনাব মোঃ মাইনুল হক | কম্পিউটার অপারেশন সুপারভাইজার | ইতিহাস | ০১৭১১২৮১৩১৭ | ২১/১০/২১ |
| ৩৩. | মো: হাফিজুল ইসলাম | প্রভাষক | রাষ্ট্রবিজ্ঞান | ০১৭৪১-২৩৮২৫৯ | |

(প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম-৮২২৫)
অধ্যক্ষ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা
ফোন : ০৪১-৭৭৪৫৫১
ই-মেইল : ttckhul@yahoo.com

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

অধ্যক্ষের কার্যালয়

**<u>সভার নোটিশ</u>**

তারিখ: ১৭/১১/২০২১ খ্রি.

অত্র কলেজের একাডেমিক কাউন্সিলের সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৩/১১/২০২১ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ টায় নিম্ন-বর্ণিত আলোচ্যসূচি অনুযায়ী একাডেমিক কাউন্সিলের এক সভা অধ্যক্ষ মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

<u>সভার আলোচ্যসূচি</u>

(১) বিএড অনার্স ১ম সেমিস্টার ভর্তি কার্যক্রম সংক্রান্ত;

(২) বিএড-২০২১ ২য় সেমিস্টার টিচিং প্রাকটিস কার্যক্রম সংক্রান্ত;

(৩) কলেজের বিভিন্ন কোর্সে শিক্ষার্থী ভর্তি ফি নির্ধারণ সংক্রান্ত;

(৪) কলেজ ম্যাগাজিন প্রকাশনা সংক্রান্ত;

(৫) বিবিধ।

ধন্যবাদান্তে-

১৭/১১/২০২১

(বিধান চন্দ্র রায়)
সদস্য-সচিব, একাডেমিক কাউন্সিল
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা
ফোন: ০১৭১১-২৩০০১৬

প্রতিস্বাক্ষর

১৭/১১/২০২১

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম)
আইডি নং-৮২২৫
অধ্যক্ষ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা
ফোন: ০১৭১৬-৭৩১০৪৭

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

একাডেমিক কাউন্সিল রেজুলেশন



রেজুলেশন নং ২ | তারিখ: ২৩-১১-২০২১ | সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | শুভেচ্ছা বিনিময় ও সভা আহবানের যৌক্তিকতা | সভার শুরুতে সভাপতি অদ্যকার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। অত:পর সভাপতি অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম এর অনুরোধক্রমে অদ্যকার সভা আয়োজনের প্রেক্ষাপট বিস্তারিতভাবে তুলে ধরেন একাডেমিক কাউন্সিলের সদস্য-সচিব জনাব বিধান চন্দ্র রায়। | সকল সদস্য অদ্যকার সভা আয়োজনের প্রেক্ষাপট বিস্তারিতভাবে শ্রবণ করে সন্তোষ প্রকাশ করেন। |
| ০১ | **বিএড অনার্স ১ম সেমিস্টার ভর্তি কার্যক্রম সংক্রান্ত;** | ১ নং এজেন্ডা উত্থাপন করার জন্য সভাপতি মহোদয় একাডেমিক কাউন্সিলের অন্যতম সদস্য এবং ২০২১ শিক্ষাবর্ষের বিএড সম্মান ১ম সেমিস্টার ভর্তি কমিটির সদস্য-সচিব ও প্রভাষক জনাব মোহাম্মদ মহিবুল্লাহ-কে অনুরোধ করেন। জনাব মোহাম্মদ মহিবুল্লাহ বিএড সম্মান ১ম সেমিস্টার ভর্তি সংক্রান্ত সকল আপডেট তথ্য সভাকে অবহিত করেন। আলোচনায় অংশ নিয়ে সহযোগী অধ্যাপক জনাব মোহাম্মদ আব্দুর রাজ্জাক বলেন, বিএড অনার্স কোর্সে আসন সংখ্যা বৃদ্ধির ব্যাপারে উদ্যোগ গ্রহণের প্রস্তাব করেন।<br><br>অধ্যক্ষ মহোদয় বলেন, এ সকল শিক্ষার্থী পাস করার পর চাকুরীতে প্রবেশের ক্ষেত্রে কী কী সুবিধা পাবে, তাদের ক্যারিয়ার পাথ ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ করতে হবে। এ সংক্রান্ত ক্যারিয়ার পাথের একটি ফ্লো-চার্ট অংকন করে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য একাডেমিক কাউন্সিলের সদস্যদের অনুরোধ করেন। | <u>সিদ্ধান্ত নং ১।</u><br>(ক) সাধারণ কলেজের ১ম বর্ষ অনার্স কোর্সের একই সাথে বিএড অনার্সের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করার অনুরোধ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি-কে চিঠি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) একাডেমিক কাউন্সিলের ০১ (এক) জন সদস্যের বদলীজনিত কারণে সহযোগী অধ্যাপক জনাব মোহাম্মদ আব্দুর রাজ্জাক-কে সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) বিএড অনার্স এর আসন সংখ্যা বৃদ্ধির জন্য বিধিসম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

২৩/১১/২০২১

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ (আইডি নং-৮১২৫)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

সদস্য-সচিবের স্বাক্ষর ও তারিখ:

২৩/১১/২০২১

(বিধান চন্দ্র রায়)

১৫৪/৭০

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

একাডেমিক কাউন্সিল রেজুলেশন



রেজুলেশন নং ২ | তারিখ: ২৩-১১-২০২১ | সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০২ | বিএড-২০২১ ২য় সেমিস্টার টিচিং প্রাকটিস কার্যক্রম সংক্রান্ত; | ২ নং এজেন্ডা উত্থাপন করার জন্য সভাপতি মহোদয় টিপি কমিটির আহবায়ক জনাব টিটভ বিশ্বাস-কে অনুরোধ করেন। জনাব টিটভ বিশ্বাস চলমান টিপি কার্যক্রম সম্পর্কে সভাকে বিস্তারিত অবহিত করেন। আপাততঃ বিএড টিপি কার্যক্রম ১৫ ডিসেম্বর ২০২১ খ্রি. পর্যন্ত চলবে বলে তিনি জানান। সভায় উপস্থিত সদস্যগণ টিপি কমিটিকে বিএড অনার্স ৭ম সেমিস্টারের শিক্ষার্থীদের টিপি ছাড়াও অন্যান্য কার্যক্রমের রূপরেখা প্রণয়নের সুপারিশ করেন। প্রয়োজনে Expert শিক্ষকদের এ কার্যক্রমে সম্পৃক্ত করা যাবে বলে তাঁরা অভিমত প্রকাশ করেন। | সিদ্ধান্ত নং ২। (ক) বিএড কোর্সে শিক্ষা গবেষণা এবং শিক্ষায় আইসিটি বিষয়ের বিষয়ভিত্তিক ক্লাস পরিচালনার জন্য টিপি কমিটির সাথে সমন্বয় করে সংশ্লিষ্ট শিক্ষকদের ক্লাস রুটিন নির্ধারণ করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) প্রয়োজনে শিক্ষকদের বিশেষ কাজের চাহিদা পূরণের নিমিত্তে ০১ (এক) সদস্য বিশিষ্ট কমিটি গঠনের প্রস্তাব সিদ্ধান্ত আকারে সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। |
| ০৩ | কলেজের বিভিন্ন কোর্সে শিক্ষার্থীদের ভর্তি ফি নির্ধারণ সংক্রান্ত; | ৩ নং এজেন্ডা উত্থাপন করে সভাপতি মহোদয় বলেন, ২০১৪ সালে শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ভর্তি ও রেজিস্ট্রেশন ফি অনুযায়ী কলেজ কর্তৃপক্ষ বিএড, এমএড ও বিএড অনার্স কোর্সের ভর্তি ফি নির্ধারণ করে থাকেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট ভর্তি কমিটির সাথে আলাপ আলোচনা করা হয়ে থাকে। এ সংক্রান্ত আলোচনায় অংশ নিয়ে একাডেমিক কাউন্সিলের অন্যতম সদস্য জনাব রেহানা পারভীন কো-কারিকুলার কার্যক্রমসমূহে নির্ধারণকৃত ফি অপ্রতুল বলে মতামত ব্যক্ত করেন। একাডেমিক কাউন্সিলের অন্যান্য সদস্যগণ এতে একমত পোষণ করেন।<br>ফি নির্ধারণের সুনির্দিষ্ট প্রস্তাব প্রণয়নের লক্ষ্যে বর্ণিত সকল বিষয় পর্যালোচনা করে একাডেমিক কাউন্সিলের পরবর্তী সভায় একটি পূর্ণাঙ্গ রিপোর্ট পেশ করার জন্য নিম্ন-বর্ণিত ০৭ (সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠনের প্রস্তাব করা হয়।<br>ক্র: নং — নাম — পদবী — কমিটির পদ<br>০১ — জনাব মো: সাইফুর রহমান — সহযোগী অধ্যাপক — আহবায়ক<br>০২ — জনাব রহিমা খাতুন — সহযোগী অধ্যাপক — সদস্য<br>০৩ — জনাব মোহাম্মদ আব্দুর রাজ্জাক — সহযোগী অধ্যাপক — সদস্য<br>০৪ — জনাব বিপ্লব রহমান — সহযোগী অধ্যাপক — সদস্য<br>০৫ — জনাব রেহানা পারভীন — সহকারী অধ্যাপক — সদস্য<br>০৬ — জনাব বিধান চন্দ্র রায় — প্রভাষক — সদস্য-সচিব<br>০৭ — জনাব দিলিপ কুমার বিশ্বাস — প্রভাষক — সদস্য | সিদ্ধান্ত নং ৩। (ক) প্রস্তাবিত ০৭ (সাত) সদস্য বিশিষ্ট "ভর্তি ফি পুনঃনির্ধারণ সংক্রান্ত সুপারিশ প্রণয়ন" কমিটি সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।<br><br>(খ) উল্লেখিত কমিটিকে ফি নির্ধারণের সুনির্দিষ্ট প্রস্তাব প্রণয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিষয় পর্যালোচনা করে একাডেমিক কাউন্সিলের পরবর্তী সভায় একটি পূর্ণাঙ্গ রিপোর্ট পেশ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

২৩/১১/২০২১

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ

সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ:

২৩/১১/২০২১

(বিধান চন্দ্র রায়)

১২৫/৭১

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

একাডেমিক কাউন্সিল রেজুলেশন

রেজুলেশন নং ২ তারিখ: ২৩-১১-২০২১ সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৪ | **কলেজ বার্ষিক ম্যাগাজিন প্রকাশনা সংক্রান্ত;** | ৪ নং এজেন্ডা উত্থাপন করার জন্য সভাপতি মহোদয় কলেজের বার্ষিক সাহিত্য ও ম্যাগাজিন কমিটির আহবায়ক জনাব অজয় কুমার সাহা-কে অনুরোধ করেন। জনাব অজয় কুমার সাহা এ ব্যপারে অভিমত প্রকাশ করে তাঁর একটি লিখিত বক্তব্য সভায় পড়ে শোনান। উপরোক্ত প্রস্তাবের প্রেক্ষিতে বিশদ আলাপ-আলোচনা অনুষ্ঠিত হয় এবং সকল সদস্য সর্বসম্মতভাবে ডান পার্শ্বে উল্লেখিত সিদ্ধান্ত গ্রহণ করেন। | সিদ্ধান্ত নং ৪। মুজিব বর্ষ উপলক্ষে বিশেষ স্মরণিকা প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয় |
| | বিবিধ | সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্ত করেন। | |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

২৩/১১/২০২১

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ (আইডি নং-৮১২৫)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ:

২৩/১১/২০২১

(বিধান চন্দ্র রায়)

৭৫/৭২